

## 📃 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭:৩৯

## **া** আরবি মূল আয়াত:

وَ قَالَت أُولِٰهُم لِأُخرِٰهُم فَمَا كَانَ لَكُم عَلَينَا مِن فَضل فَذُوقُوا العَذَابَ بِمَا كُنتُم تَكسِبُونَ ﴿٣٩﴾

## 

আর তাদের পূর্ববর্তী দল পরবর্তী দলকে বলবে, 'তাহলে আমাদের উপর তোমাদের কোন শ্রেষ্ঠত্ব নেই। অতএব তোমরা যা অর্জন করেছিলে, তার কারণে তোমরা আযাব আস্বাদন কর'। — আল-বায়ান

তাদের পূর্ববর্তী দল (আগের জেনারেশন) পরবর্তী দলকে (পরের জেনারেশনকে) বলবে, 'আমাদের চেয়ে তোমাদের বেশি কোন মর্যাদা নেই, কাজেই তোমাদের কৃতকর্মের জন্য শাস্তিও স্বাদ গ্রহণ কর।' — তাইসিরুল অতঃপর পূর্ববর্তী লোকেরা পরবর্তী লোকদেরকে বলবেঃ আমাদের উপর তোমাদের কোন শ্রেষ্ঠত্ব নেই, তোমরা তোমাদের কৃতকর্মের ফল স্বরূপ শাস্তি ভোগ করতে থাক। — মুজিবুর রহমান

And the first of them will say to the last of them, "Then you had not any favor over us, so taste the punishment for what you used to earn." — Sahih International

৩৯. আর তাদের পূর্ববর্তীরা পরবর্তীদেরকে বলবে, আমাদের উপর তোমাদের কোন শ্রেষ্ঠত্ব নেই, কাজেই তোমরা যা অর্জন করেছিলে, তার জন্য শাস্তি ভোগ কর।(১)

(১) এ থেকে জানা গেল যে, যে ব্যক্তি বা দল কোন ভুল চিন্তা বা কর্মনীতির ভিত রচনা করে সে কেবল নিজের ভুলের ও গোনাহের জন্য দায়ী হয় না বরং দুনিয়ায় যতগুলো লোক তার দ্বারা প্রভাবিত হয় তাদের সবার গোনাহের একটি অংশও তার আমলনামায় লিখিত হতে থাকে। এ বিষয়টি বিভিন্ন হাদীসে রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণিত হয়েছে।

তাফসীরে জাকারিয়া

(৩৯) আর তাদের পূর্ববর্তীরা তাদের পরবর্তীদেরকে বলবে, 'আমাদের উপর তোমাদের কোন শ্রেষ্ঠত্ব নেই, সূতরাং তোমরা নিজেদের কৃতকর্মের ফল ভোগ করতে থাক।





তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=993

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন